

(DM)
2/2/2028



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৮.২৪-১২৫

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩১
০৮ জুলাই ২০২৪

আদেশ

যেহেতু, জনাব মোঃ এহতেশামুর রহমান (৮১৪৯১০৩৮), সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাচন অফিস, পাঁচবিবি, জয়পুরহাট এর বিরুদ্ধে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল (ইউনিয়ন পরিষদ) জয়পুরহাট কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-৩৯/২০২২ বিচারাধীন অবস্থায় জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলার বাগজানা ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২২ এর ভোটকেন্দ্র “বাগজানা উচ্চ বিদ্যালয়” এর নির্বাচনি মালামাল নিলামে সরবরাহের অভিযোগ উত্থাপিত হয়; প্রাথমিক তদন্তে তিনি অভিযোগের দায় স্বীকার করেছে এবং তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০২৪ রুজু করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে অভিযোগ বিবরণী গঠন করতঃ অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ০৮-০৭-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন;

যেহেতু, তার স্বীকারোক্তির ভিত্তিতে সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অপরাধের গুরুত্ব ও সামগ্রিক বিষয় বিবেচনায় জনাব মোঃ এহতেশামুর রহমান (৮১৪৯১০৩৮), সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাচন অফিস, পাঁচবিবি, জয়পুরহাট-কে “অসদাচরণ” এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” দন্ড প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৪ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(Signature)
মোঃ মানিরুজ্জামান তালুকদার
যুগ্মসচিব (প্রঃ ও অঃ)

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৮.২৪-১২৫

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩১
০৮ জুলাই ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
- ০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। জেলা নির্বাচন অফিসার, জয়পুরহাট
- ০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
- ১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
- ১১। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

(১/২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ


ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ১২-১৫। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
- ১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭। সিনিয়র সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব মোঃ এহতেশামুর রহমান (৮১৪৯১০৩৮), সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাচন অফিস, পাঁচবিবি, জয়পুরহাট এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]
- ১৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট
- ১৯। উপজেলা নির্বাচন অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
- ২০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট
- ২১। জনাব মোঃ এহতেশামুর রহমান (৮১৪৯১০৩৮), সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাচন অফিস, পাঁচবিবি, জয়পুরহাট



মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd

(২/২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd